

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় রাকাত থেকে উঠার সময় রফ'উল ইয়াদাইন করা মুস্তাহাব

ذِكْنُ مَا يُسْتَحَبُّ لِلْمُصلِّي رَفْعُ الْيَدَيْنِ عِنْدَ قِيَامِهِ مِنَ الرَّكْعَتَيْنِ مِنْ صَلَاتِهِ

আরবী

1875 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ الْحُسَيْنُ بْنُ مُحَمَّد بْنِ مَوْدُود بِحَرَّانَ قَالَ: حَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرٍ الْبَجَلِيُّ قَالَ: حَدَّتَنَا زُهَيْرُ بْنُ مُعَاوِيَةَ قَالَ: حَدَّتَنَا الْأَعْمَشُ عَنِ الْمُسَيِّبِ بْنِ رَافِعٍ عَنْ تَمِيمٍ بْنِ طَرَفَةَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: دَخَلَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ الْمُسَيِّبِ بْنِ رَافِعٍ عَنْ تَمِيمٍ بْنِ طَرَفَةَ عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: (مَا لِي أَرَاكُمْ رَافِعِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وإذا الناس رافعوا أَيْدِيهِمْ فِي الصَّلَاةِ فَقَالَ: (مَا لِي أَرَاكُمْ رَافِعِي أَيْدِيكُمْ كَأَنَّهَا أَذْنَابُ خَيْلٍ شُمْسٍ اسْكُنُوا في الصلاة) أَيْدِيكُمْ كَأَنَّهَا أَذْنَابُ خَيْلٍ شُمْسٍ اسْكُنُوا في الصلاة) الراوي : جَابِر بْن سَمُرَةَ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1875 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: 1875 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

বাংলা

১৮৭৫. জাবির বিন সামুরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের কাছে আসেন, সে সময় লোকজন সালাতে হাত উঠিয়ে ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমার কী হলো যে, আমি তোমাদেরকে দেখতে পাচ্ছি যে, তোমরা তোমাদের হাত উঠিয়ে রেখেছো, যেন তা অবাধ্য ঘোড়ার লেজের ন্যায়। তোমরা সালাতে শান্ত থাকবে।"[1]

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৮২৭; মুসনাদ আহমাদ: ৫/১০১; সহীহ মুসলিম: ৪৩০; নাসাঈ: ৩/৪; সুনান বাইহাকী: ২/২৮০।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯১৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন